প্রথম আলো

তারিখ 15 JUL 2017
পৃষ্ঠা ৩ কলাম ১

## মাধ্যমিক শিক্ষক সমিতির সভা

সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের দ্বিতীয় শ্রেণির গেজেটেড কর্মকর্তা হিসেবে টাইম স্কেল ও সিলেকশন গ্রেড দিতে হবে। তৃতীয় শ্রেণি হিসেবে কোনো প্রস্তাব এবং সেই প্রস্তাব অনুসারে সিদ্ধান্ত শিক্ষকেরা মানবেন না। গতকাল শুক্রবার রাজধানীর ধানমন্ডি গভ. বয়েজ হাইস্কুলে বাংলাদেশ সরকারি মাধ্যমিক শিক্ষক সমিতির কেন্দ্রীয় কমিটির সভায় এ কথা বলা হয়েছে। সভায় সভাপতিত্ব করেন ধানমন্ডি বয়েজ হাইস্কুলের প্রধান শিক্ষক ও সমিতির সভাপতি মো. ইনছান আলী। বক্তব্য দেন সমিতির সহসভাপতি গৌরচন্দ্র মণ্ডল, সাধারণ সম্পাদক মো. জালাল উদ্দিন সরকার, সাংগঠনিক সম্পাদক মনোয়ারুল ইকবাল প্রমুখ। বিজ্ঞপ্তি